19 FEB 2017
2

# রায়পুরায় তিন শতাধিক শিক্ষা প্রতিষ্ঠানে নেই শহীদ মিনার

■ মো. মোস্তফা খান, রায়পুরা (নরসিংদী) সংবাদদাতা

রায়পুরা উপজেলার প্রায় ৪শ' শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে তিন শতাধিক প্রতিষ্ঠানে শহীদ মিনার নেই। ফলে এসব প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা শহীদের রক্তের বিনিময়ে অর্জিত শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযথ মর্যাদায় পালন করতে পারছে না।

একটি পৌরসভা ও ২৪টি ইউনিয়ন নিয়ে গঠিত বৃহত্তম এ উপজেলায় ১৪৩টি কিন্ডারগার্টেন, ১৯৭টি প্রাথমিক বিদ্যালয়, ৫৫টি মাধ্যমিক স্কুল ও সমমান পর্যায়ের বিদ্যালয়, ছয়টি কলেজসহ রয়েছে প্রায় ৪শ' শিক্ষা প্রতিষ্ঠান। এর মধ্যে ৩০০শ' প্রতিষ্ঠানে শহীদ মিনার নেই।

প্রতিবছর ২১ ফেব্রুয়ারি এলেই শহীদ মিনার না থাকা অনেক শিক্ষা প্রতিষ্ঠানে কলাগাছ দিয়ে শহীদ মিনার বানানো হয়। যার ফলে এসব প্রতিষ্ঠানের অধিকাংশ শিক্ষার্থী শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস সম্পর্কে জানে না। তারা শুধু জানে একুশে ফেব্রুয়ারি মানেই সরকারি ছুটি।

আদিয়াবাদ ইসলামিয়া উচ্চ বিদ্যালয় এন্ড কলেজের অধ্যক্ষ নূর শাখাওয়াত হোসেন বলেন, যেসব বিদ্যালয়ে শহীদ মিনার নেই সেগুলোতে শহীদ মিনার নির্মাণ অত্যন্ত জরুরি। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. মাসুদ রানা বলেন, মাতৃভাষা বাংলার জন্য আমরা রক্ত দিয়েছি। এর সঠিক ইতিহাস নতুন প্রজন্মের কাছে পৌঁছে দেওয়ার জন্য প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে একটি করে শহীদ মিনার নির্মাণ করা প্রয়োজন। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নারগিছ সুলতানা বলেন, আমার জানা মতে এ উপজেলার সবক'টি বিদ্যালয়েই শহীদ মিনার রয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবদুল্লাহ বলেন, প্রত্যেক বিদ্যালয়ে শহীদ মিনার স্থাপন করতে হবে এমন কোনো সরকারি নির্দেশনা নেই। তবে শহীদ মিনার থাকলে শিক্ষার্থীদের জন্য একুশের ফেব্রুয়ারির তাৎপর্য জানা সহজ হতো।